গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০১৩.১১.০০১.২১.৭৯

তারিখঃ ০৮ কার্তিক, ১৪২৮ ব.
২৪ অক্টোবর ২০২১ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্য মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, বেতনক্রম ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | কম্পিউটার অপারেটর ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড ১৩) | ০১ (এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে। | মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, টাঙ্গাইল, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, নোয়াখালী, রাঙ্গামাটি, খুলনা, ঝিনাইদহ, মাগুরা, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ।<br><br>এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড ১৩) | ০১ (এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) সাঁটলিপিতে গতি প্রতি মিনিটে ইংরেজি সর্বনিম্ন ৭০ এবং বাংলা সর্বনিম্ন ৪৫ শব্দ।<br>(ঘ) মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে ইংরেজি সর্বনিম্ন ৩০ এবং বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ।<br>(ঙ) কম্পিউটার এ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ। | |
| ৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০১ (এক) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে ইংরেজি সর্বনিম্ন ২০ এবং বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ। | |
| ৪ | অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ০৪(চার) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | রাজশাহী, জয়পুরহাট, পাবনা, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, সিলেট, মৌলভীবাজার।<br><br>এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। ২৫.০৩.২০২০ খ্রি. তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা নির্ধারিত হবে (সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর, ২ ও ৩ নং ক্রমিকে বর্ণিত পদসমূহে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর)। তবে ৩০.১১.২০২১ খ্রি. তারিখ কোন প্রার্থীর বয়স ১৮ বছর পূর্ণ হলে সেও আবেদন করতে পারবেন।

২। সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৪। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ প্রদান করা হবে না।

৫। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form ও প্রবেশপত্রসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১, ২ ও ৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৭। সকল পদের পরীক্ষা একই দিনে একই সময়ে পরিচালনা করা হবে।

অপর পাতায় দ্রষ্টব্য:

৮। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহীগণ http://mofood.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১.১১.২০২১ খ্রি. তারিখ সকাল ৯.০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০.১১.২০২১ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইনে আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে ছবি নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুন:পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য জনপ্রতি ১-৩ নং ক্রমিকের পদের জন্য সার্ভিস চার্জসহ ১১২/- (একশত বার) টাকা এবং ৪ নং ক্রমিকের পদের জন্য সার্ভিস চার্জসহ ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: MOFOOD<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: MOFOOD ABCDEF
Reply: Applicant's Name, Tk.112/56 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx. To pay fee Type MOFOOD<Space>Yes<Space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS: MOFOOD<space> Yes<space> PIN নম্বর লিখে Send করতে হবে 16222 নম্বরে
Example: MOFOOD YES xxxxxxxxxx
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MOFOOD Application for xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mofood.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা খাদ্য মন্ত্রণালয়ের Website: www.mofood.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে mofood<space>Help<space>User<space> User ID & Send to 16222
Example: mofood Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে mofood<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: mofood Help PIN 1234567 & send to 16222

৯। Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর হতে ১২১ এ অথবা নিকটস্থ টেলিটক কাষ্টমার কেয়ার এ যোগাযোগ করা যাবে অথবা ই-মেইল করুন alljobs.query@teletalk.com.bd বা vas.query@teletalk.com.bd।

১০। খাদ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.mofood.gov.bd) এ নিয়োগের ফলাফলসহ যাবতীয় তথ্যাদি সময়ে সময়ে হালনাগাদ করা হবে।

১১। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোহাঃ মামুন-অর-রশীদ)
উপসচিব
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।
email:admin1@mofood.gov.bd